# চ্যান্সেলরের প্রবিধান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্যাটেগরি: | **শিক্ষার্থী** | ইস্যুর তারিখ; ৮/২২/১২ | নম্বর: | **A-715** |
| বিষয়: | গুরুতর অ্যালার্জি আছে এমন শিক্ষার্থীদেরকে এপাইনফ্রাইন ওষুধ দেয়া | | পৃষ্ঠা: | 1 of 1 |

**পরিবর্তনের সার-সংক্ষেপ**

এই প্রবিধান ৩০ মে, ২০০৭-এ ইস্যুকৃত চ্যান্সেলরের প্রবিধান A-715 – কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- যেসকল শিক্ষার্থীর কোন শিক্ষার্থী-নির্দিষ্ট মেডিকেল অর্ডার ফাইলে নাই তাদেরকে এপাইফ্রাইন দেয়ার ব্যাপারে নিউ ইয়র্ক সিটি স্কুলসমূহে কর্মরত নার্সদের জন্য প্রচলিত নির্দেশ অফিস অব স্কুল হেলথের ("ওএসএইচ") ওয়েবসাইটে দেয়া আছে। ( Section III দেখুন)
- এই প্রবিধান ন্যাশনাল স্কুল বোর্ড অ্যাসোসিয়েশন("এনএসবিএ")-এর নতুন নির্দেশাবলি প্রতিফলিত করতে এপি-পেনস্-এর প্রাপ্তি সম্পর্কিত অংশটিকে হালনাগাদ করে। (Section VIII দেখুন)

## সার-সংক্ষেপ

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন অবগত আছে যে গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া থেকে অ্যানাফাইল্যাক্সিস হতে পারে যা জীবন-সংশয়ের মত স্বাস্থ্যগত জরুরি পরিস্থিতির সৃষ্টি করে। চ্যান্সেলরের প্রবিধান A-715 এই সংস্পর্শের ঝুঁকি কমাতে একটি পরিকল্পনা তৈরি এবং এক-ডোজ এপাইফ্রাইন অটো-ইনজেক্টর ("এপি-পেনস্")প্রক্রিয়ায় এর চিকিৎসার ব্যবস্থা রেখেছে। এই প্রবিধান ৩০ মে, ২০০৭-এ ইস্যুকৃত চ্যান্সলরের প্রবিধান A-715 –কে রহিত করে। এই প্রবিধান অনুযায়ী:

- সকল স্কুল নার্স অবশ্যই গুরুতর অ্যালার্জি এবং অ্যানাফাইল্যাক্সস মূল্যায়ন, উদ্ভূত পরিস্থিতিতে ব্যবস্থাগ্রহণ, এবং চিকিৎসায় প্রশিক্ষণ প্রাপ্ত হবে এবং অ্যানাফাইল্যাক্সিসের ঝুঁকিতে আছে এমন শিক্ষার্থীদের জন্য যে ব্যবস্থা নিতে হবে তাতে প্রধান ভূমিকা রাখবে;

- নিউ ইয়র্ক সিটি পবিলিক স্কুলে কর্মরত সকল নার্সের অফিস অব স্কুল হেলথ্(ওএসএইচ)-এর ওয়েবসাইটে প্রদত্ত রোগী-নয় এমন শিক্ষার্থীদেরকে নির্দিষ্ট প্রচলিত নির্দেশ অনুযায়ী অ্যানাফাইল্যাকটিক প্রতিক্রিয়ায় এপিপেন দেয়ার অনুমোদন আছে;

- যেকোন স্কুলে যেখানে কোন শিক্ষার্থীকে এপি-পেন দেবার জন্য ওষুধ প্রদান সম্পর্কিত ফরম ফাইলে আছে সেখানে নার্স-নয় ন্যূনতম এমন দুইজন স্কুল কর্মীকে অবশ্যই নার্সের অনুপস্থিতিতে এপি-পেন দেয়ার জন্য প্রশিক্ষণ দিতে হবে।

- যদি কোন শিক্ষার্থী নিজে নিজে ওষুধ নেবার যোগ্য নির্ধারিত হয়, সেক্ষেত্রে চিকিৎসকের প্রেসক্রিপশন থাকলে সেই শিক্ষার্থী এপি-পেন বহন করতে পারবে।

## I. পরিচিতি

### A. অ্যানাফাইল্যাক্সিস

অ্যানাফাইল্যাক্সিস একটি জীবন-ঘাতী স্বাস্থ্য অবস্থা যা অ্যাল্যার্জিক ব্যক্তিদের নির্দিষ্ট অ্যালার্জেনের সংস্পর্শে আসার ফলে হতে পারে। এটি কতগুলি লক্ষণের একটি সমষ্টিকে বোঝায় যা শরীরের বিভিন্ন সিস্টেমের ক্ষতি করতে পারে। এই লক্ষণসমূহের মধ্যে নিচে উল্লিখিত কয়েকটি থাকতে পারে: চামড়া অথবা কন্ঠনালীর প্রদাহ, চুলকানি, গিলতে কষ্ট, কাশি, শ্বাস-প্রশ্বাসে কষ্ট, বমিবমিভাব, তলপেটে ব্যাথা, মানসিক অবস্থার পরিবর্তন, রক্তচাপ কমে যাওয়া অথবা শক পাওয়া। যদিও ওষুধ, পোকা-মাকরের কামড়, অথবা ল্যাটেক্স থেকে অ্যানাফাইল্যাক্সিস হতে পারে কিন্তু স্কুলে বেশির ভাগ অ্যানাফাইল্যাক্টিক প্রতিক্রিয়া খাবারে অ্যালার্জির কারণে হয়ে থাকে। কোন অ্যালার্জেনের সংস্পর্শ এবং তা থেকে উদ্ভূত লক্ষণের সময় কোন কোন ক্ষেত্রে কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টাও হতে পারে; বেশির ভাগ প্রতিক্রিয়া এক ঘন্টার মধ্যে হয়ে থাকে, এবং তা দ্রুত গতিতে বাড়তে পারে।

### B. প্রতিষেধক

কোন শিক্ষার্থীর অ্যালার্জেনের সংস্পর্শে আসার ঝুঁকি কমানো সম্ভব যদি সেই শিক্ষার্থীর ব্যবস্থা নিতে স্কুল, চিকিৎসা প্রদানকারী এবং পিতামাতা একযোগে কাজ করে। এই সংস্পর্শ দুর্ঘটনার পরিকল্পনায় অন্তর্ভুক্ত হতে হবে – প্রতিষেধক এবং চিকিৎসা উভয় পদ্ধতির প্রয়োগ। কোন শিক্ষার্থীর জীবন-ঘাতী অ্যালার্জি পরিস্থিতি মোকাবেলায় পিতামাতা এবং স্কুল একটি পরিকল্পনা তৈরির জন্য রিহ্যাবিলিটেশন আইনের সেকশন 504-এর প্রক্রিয়াসমূহ অনুসরণ করবে।

স্কুলে শিক্ষার্থীদের মধ্যে অ্যানাফাইলেক্সিস হবার সবচেয়ে বড় কারণ খাবারে অ্যালার্জি। ডিপার্টমেন্ট অব এডুকেশন চীনাবাদাম, দুধ অথবা অন্য অ্যালার্জেন-ফ্রি খাবার পরিসেবা প্রদান করে কারণ দুর্ঘটনা-জনিত সংস্পর্শ অথবা দূষণের আশংকা সবসময়ই থাকে। যদিও, গুরুতর ফুড অ্যালার্জি আছে এমন শিক্ষার্থীদেরকে শনাক্ত করে ঝুঁকি কমানোর ব্যবস্থা স্কুলে রাখা উচিত।

C. এপাইনফ্রাইনের গুরুত্ব

অ্যানাফাইলেক্সিসের জন্য এপাইফ্রাইন ইনজেকশন প্রদান একটি পছন্দের চিকিৎসা। যেসম্ভাব্য দ্রুত গতিতে অ্যানাফাইলেক্সিসের কারণে মৃত্যু হতে পারে, সেটির কথা ভেবেই সময়মত এপাইনফ্রাইন ইনজেকশন দেয়া গুরুত্বপূর্ণ। চিকিৎসা না দেয়ার কারণে অ্যানাফাইলেক্সিসে যত মৃত্যু ঘটে তা এপাইফ্রাইন ইনজেকশন দেয়ার ঝুঁকি থেকে অনেক বেশি, এমন কী অ্যানাফাইলেকটিক প্রতিক্রিয়া হয়নি এমন কাউকে তা অসাবধানতা বশে দিলেও। "এপি-পেন" হলো এক-ডোজের একটি এপাইফ্রাইন অটো-ইনজেকটর প্রক্রিয়া যা যেকোন সাধারণ মানুষ নিজে নিতে পারে। এটি শিক্ষার্থীরাও নিজে নিতে পারে যদি তাদের ডাক্তার অথবা স্বাস্থ্য-সেবা প্রদানকারী নির্ধারণ করেন যে, তারা নিজেই ইনজেকশনটি নিতে সক্ষম। ১০-২০ মিনিটের মধ্যে এপাইফ্রাইনের কার্যকারিতা কমতে থাকে; সুতরাং, অতিসত্বর 911-এ কল করা জরুরি।

D. গুরুতর অ্যালার্জি আছে এমন শিক্ষার্থীদের শনাক্তকরণ

1. গুরুতর অ্যালার্জি আছে এমন কোন শিক্ষার্থী সম্পর্কে স্কুলকে জানানো পিতামাতাদেরই দায়িত্ব। স্কুল কর্মীগণ এই তথ্য স্কুল হেলথ্ কর্মীদের জানাবে। এধরনের শিক্ষার্থীর জন্য স্কুলে মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরম (এমএএফ) সংরক্ষণ করতে হবে। এই ফরম নিচে উল্লিখিত লিংকে পাওয়া যাবে http://schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms.

2. কোন শিক্ষার্থীর অ্যালার্জি সম্পর্কিত তথ্য স্কুল এবং স্বাস্থ্য কর্মী কর্তৃক যথাযথ তথ্য রেকর্ডে নোটকৃত থাকতে হবে যেমন স্কুল হেলথ্ রেকর্ড, এটিএস হেলথ্ অ্যালার্ট, ইমারজেন্সি ব্লু কার্ড।

3. প্রত্যেক শিক্ষার্থী কর্তৃক অবশ্যই অ্যালার্জি রেসপন্স ফরম পূরণকৃত থাকতে হবে।
এই ফরম নিচে উল্লিখিত লিংকে পাওয়া যাবে।
http://schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms.

4. গুরুতর অ্যালার্জি আছে এমন শিক্ষার্থীদের স্বাস্থ্য পর্যালোচনার জন্য অবশ্যই শিক্ষার্থীর স্বাস্থ্য সেবা প্রদানকারী কর্তৃক তার জন্য পূরণকৃত এমএএফ জমা দিতে হবে। http://schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms.

## II. দায়বদ্ধতা

প্রাণঘাতী আশংকার কারণে কোন শিক্ষার্থীর এপাইনফ্রাইন প্রয়োজন হলে তাকে যদি সময়মত সেটি দেয়া জরুরি হয়ে পড়ে, এই প্রবিধান অনুযায়ী যেসব কর্মী প্রশিক্ষণপ্রাপ্ত তাদেরকে, মামলা হবার ভয়ে, এপি-পেন দেয়া থেকে বিরত রাখা যাবে না। নিউ ইয়র্ক সিটির আইন বিভাগ এই প্রবিধান অনুযায়ী যেকোন কর্মচারী যিনি এপি-পেন দেবার কারণে মামলায় জড়িয়ে পড়েছেন তার পক্ষ অবলম্বন এবং নিরাপত্তা দিতে সম্মত আছে।

তাছাড়া, স্কুলে কোন ব্যক্তির বর্তমান মেডিকেল নির্দেশ না থাকায় কোন প্রাপ্ত বয়স্ক অথবা শিক্ষার্থী নয় এমন ব্যক্তিকে গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়ার কারণে, চাকরির দায়িত্বের বাইরে, কোন নার্স বা স্কুলের স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী কর্তৃক জরুরি পরিস্থিতিতে এপি-পেন দিতে হয়, সেক্ষেত্রে ঐ নার্স অথবা স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী গুড সামরিটান ল, এনওয়াইএস পাবলিক হেলথ্ ল § 3000A-এর অধীনে সুরক্ষা নিরাপত্তা পাবেন।

## III. এপাইফ্রাইন দেবার অনুমতি সংক্রান্ত আদেশ

ফাইলে শিক্ষার্থী-নির্দিষ্ট মেডিকেল অর্ডার না-থাকা শিক্ষার্থীদেরকে এপাইনফ্রাইন দেবার জন্য কার্যকরী আদেশ নিউ ইয়র্ক সিটির স্কুলগুলোতে কর্মরত নার্সগণ নিচের উল্লিখিত লিংকে ক্লিক করে পেতে পারেন:

http://schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms/default.htm



NYC Department of Education

**প্রশিক্ষিত নার্স না থাকার কারণে অন্য কোন নার্স অথবা প্রশিক্ষণপ্রাপ্ত স্কুল কর্মী কর্তৃক ফাইলে[1] এপাইনফ্রাইন দেয়ার নির্দেশ আছে এমন শিক্ষার্থীকে এই ইনজেকশন দেয়া সম্পর্কিত নির্দেশ:**

গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া অথবা অ্যানাফাইলেক্সিসের লক্ষণ দেখা গেলে, শিক্ষার্থীর মেডিকেল অ্যাডমিনিস্ট্রেশন ফরম অনুযায়ী শিক্ষার্থীকে নার্স অথবা প্রশিক্ষণপ্রাপ্ত স্কুল কর্মী কর্তৃক এপি-পেন ইনজেকশন দিতে হবে।

**অবশ্যই অতিসত্বর ইএমএস ডাকা জরুরি**

## IV. ট্রেনিং

### A. স্কুল কর্মকর্তাদের পরিচয়

1. যেসকল শিক্ষার্থী নিজে নিজে এপি-পেন নিতে সক্ষম নয় তাদের ক্ষেত্রে এই ইনজেকশন দেয়ার দায়িত্ব মূলত স্কুল নার্সের। যদিও, এই ধরনের অ্যানাফাইলেক্টিক প্রতিক্রিয়ার সময় স্কুল নার্সকে সবসময় নাও পাওয়া যেতে এবং শিক্ষার্থী নিজে এই ইনজেকশন দিতে অক্ষম হতে পারে, তাই যেসব শিক্ষার্থীর এপি-পেন দেয়ার জন্য মেডিকেল অ্যাডমিনিস্ট্রেশন ফরম জমা দেয়া আছে তাদেরকে গুরুতর অ্যালার্জিক অথবা অ্যানাফাইলেক্টিক প্রতিক্রিয়ায় এপি-পেন দেয়ার জন্য স্কুল কর্মীদের অবশ্যই প্রশিক্ষণ দিতে হবে।

2. শিক্ষার্থী এবং স্কুল পরিস্থিতির ভিত্তিতে, স্কুলের প্রিন্সিপ্যাল স্কুল স্বাস্থ্য কর্মীর সাথে আলোচনা সাপেক্ষে নির্ধারণ করবেন কোন নন-মেডিকেল স্কুল কর্মীকে এপি-পেন ইনজেকশন দেয়ার জন্য প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। নিচের উল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় রেখে, নার্সের অনুপস্থিতিতে, অ্যানাফাইলেক্সিসের ঝুঁকিতে আছে এমন শিক্ষার্থীদেরকে এপি-পেন দেবার জন্য যথাযথ ট্রেনিং প্রাপ্ত ন্যূনতম ২ জন কর্মী (নার্স বাদে) যাতে পাওয়া সেবিষয়টি প্রিন্সিপ্যালকে অবশ্যই নিশ্চিত করতে হবে।

   a. স্কুল প্রথমে স্বেচ্ছাকর্মী খুঁজবে:

   b. এলিমেন্টারি স্কুল শিক্ষার্থীর(দের) কোন শিক্ষক যার এপাইনফ্রাইন ইনজেকশনের মেডিকেল অ্যাডমিনিস্ট্রেশন ফরম আছে, অবশ্যই তাকে প্রশিক্ষণ দিতে হবে। বয়সে বড় শিক্ষার্থীদের জন্য, বিশেষভাবে মিডল্ এবং হাই স্কুলের শিক্ষার্থী যে কোন একটি নির্দিষ্ট ক্লাসরুমে ক্লাস করে না, তার ক্ষেত্রে তার নিজের পরিস্থিতিই নির্ধারণ করবে কোন কর্মীকে প্রশিক্ষণ দিলে তার জন্য সবচেয়ে ভালো হয়।

   c. শিক্ষক ছাড়াও, স্কুলের প্রিন্সিপ্যাল এবং/অথবা অন্য কোন প্রশাসক অবশ্যই প্রশিশিক্ষত হবে যাতে বিল্ডিং[2]-এর কোন মেডিকেল অ্যাডমিনিস্ট্রেশন ফরমযুক্ত শিক্ষার্থীর জন্য প্রশিক্ষণপ্রাপ্ত একজন সুপারভাইজর থাকেন। কোন শিক্ষার্থী কতটা ঝুঁকিতে আছে তার উপর নির্ভর করে, অন্য প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের অন্তর্ভুক্ত হতে পারে: স্কুল খাবার প্রদানের সময় ক্যাফেটেরিয়ায় উপস্থিত কর্মীগণ (ফুড অ্যালার্জি আছে এমন শিক্ষার্থীদের জন্য), স্বাস্থ্য-সহায়তাকারীগণ, প্যারাপ্রফেশনালস্, প্লেগ্রাউন্ড/রিসেস কর্মী (যেসব শিক্ষার্থীর পোক-মাকড়ের কামড় থেকে অ্যালার্জি হয় তাদের জন্য) ইত্যাদি। আফটার-স্কুল কর্মকাণ্ড এবং কর্মসূচি, স্কুল ট্রিপ ইত্যাদির জন্য বাড়তি কর্মীদের প্রশিক্ষণ দেয়া যেতে পারে। বাড়তি অথবা ফলো-আপ ট্রেনিংয়ের জন্য স্কুলগুলো অনুরোধ জানাতে পারে।

[1] ব্যাখ্যাদানকৃত চিঠিসহ গাইডলাইনস্ ফর অ্যাডমিনিস্ট্রেশন ইন স্কুলস্, এনওয়াই স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট, ইউনিভার্সিটি অব দ্যা স্টেট অব নিউ ইয়র্ক, এপ্রিল, ২০০২ দেখুন, "স্কুল পরিবেশে এপাইফ্রাইন অটো-ইনজেকটর প্রক্রিয়ার ব্যবহার" এনওয়াই স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট, ইউনিভার্সিটি অব দ্যা স্টেট অব নিউ ইয়র্ক, জুন ২০০২,-এ আছে: "লাইসেন্সধারী প্রেসক্রাইবার কর্তৃক প্রেসক্রাইব করা গুরুতর অ্যালার্জি আছে এমন কোন শিক্ষার্থীকে, যার অ্যানাফাইলেক্টিক চিকি সার প্রয়োজন, জরুরি পরিস্থিতিতে একজন স্কুল কর্মী সদস্য এপি-পেন দ্বারা এপাইনফ্রাইন ইনজেকশন দিতে পারবেন। এই ধরনের ব্যবস্থা গ্রহণ মেডিকেল প্র্যাকটিস অ্যাক্ট( শিক্ষা আইন § 6527[4][a]) এবং নার্স প্র্যাকটিস অ্যাক্ট(শিক্ষা আইন § 6908 [1][a][iv])-এর অধীনে অনুমোদিত এবং "গুড সামারিটান আইন" (পাবলিক হেলথ্ ল 3000-a)." দ্বারা সুরক্ষিত।

[2] অটোমেটেড এক্সটারনাল ডিফাইব্রিলেটর (এইডি) ব্যবহারে প্রশিক্ষণপ্রাপ্ত যেসব কর্মী রয়েছে তাদেরকে প্রিন্সিপ্যালগণের জিজ্ঞাসা করা উচিত তারা এপি-পেন দেয়ার প্রশিক্ষণে আগ্রহী কিনা।

d. প্রিন্সিপ্যালদের নিশ্চিত করা দরকার কর্মীদের বদলি, অনুপস্থিতি, এবং কর্মকর্তা পরিবর্তন ইত্যাদি সত্ত্বেও যেন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী স্কুলে থাকেন। এছাড়া, কোন শিক্ষার্থী যদি বদলি হয়ে অন্য স্কুলে যায়, তাহলে শিক্ষার্থীর পুরনো স্কুলের প্রিন্সিপ্যাল এবং হেলথ্ টিমের দায়িত্ব নতুন প্রিন্সিপ্যাল এবং স্কুলের হেলথ্ স্টাফদেরকে নতুন শিক্ষার্থীর চাহিদা সম্পর্কে অবহিত করা।

3. প্রিন্সিপ্যালকে ঐ তথ্যের ব্যাপারেও নিশ্চিত হতে হবে, স্কুলে কে এপি-পেন দেয়ায় প্রশিক্ষণ প্রাপ্ত এবং এছাড়া এপি-পেন স্কুলে কোথায় রাখা থাকে – এইসব তথ্য অনলাইন স্কুল সেফটি প্ল্যানে থাকবে। প্রিন্সিপ্যালগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে, স্কুলের অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থা যাতে জরুরি অবস্থার সাইটে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদেরকে ডাকতে পারেন।

B. স্কুল কর্মকর্তাদের ট্রেনিং

1. মানসম্মত এবং সামঞ্জস্যপূর্ণ নার্সিং দক্ষতা নিশ্চিত করতে, গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া এবং অ্যানাফাইলেক্সিস নির্ণয়, গুরুতর অ্যালার্জিক শিক্ষার্থীর ব্যবস্থা গ্রহণ, এপি-পেন ইনজেকশন দেয়া, এপি-পেনের যথাযথ সংরক্ষণ এবং আদান-প্রদান, (911) সহায়তা না আসা পর্যন্ত রোগীকে দ্রুত পরিষেবাদান, এবং নন-মেডিকেল কর্মীদের প্রশিক্ষণদানসহ এ সংক্রান্ত বিষয়সমূহে স্কুল হেলথ্ কর্মসূচি কর্তৃক স্কুল নার্সদের প্রশিক্ষণ দেয়া হবে।

2. যেসব স্কুলে এপি-পেন দেয়ার জন্য মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন অর্ডার আছে, সেসব স্কুলে আগের সেকশনে শনাক্তকৃত নন-মেডিকেল স্কুল কর্মীদের স্কুল নার্স, ডাক্তার অথবা অন্য উপযুক্ত প্রশিক্ষক কর্তৃক প্রশিক্ষণ দিতে হবে যাতে তারা গুরুতর অ্যালার্জিক প্রতিক্রয়া এবং অ্যানাফাইলেক্সিস নির্ণয় এবং প্রতিরোধ, এপি-পেন দ্বারা এপাইনফ্রাইন ইনজেকশন দেয়া, এপি-পেনের যথাযথ সংরক্ষণ এবং আদান-প্রদান, (911)সহায়তা না আসা পর্যন্ত রোগীকে দ্রুত পরিষেবাদান, এবং গুরুতর অ্যালার্জি এবং অ্যানাফাইলেক্সিসের ঝুঁকিতে আছে এমন শিক্ষার্থীদের ব্যবস্থা ক্লাসরুম এবং স্কুলে নিতে পারে।

3. স্কুল হেলথ্ পেশাজীবীগণ যেকোন স্কুল কর্মীকে অনুরোধ সাপেক্ষে ট্রেনিং এবং হালনাগাদকরণ উপলক্ষেও প্রশিক্ষণ দেবেন, কিন্তু স্কুলে এপাইনফ্রাইন দেয়ার মেডিকেল অর্ডারযুক্ত কোন শিক্ষার্থী থাকলে তারা নন-মেডিকেল স্কুল কর্মীদের ন্যূনতম বছরে একবার ট্রেনিং/রি-ট্রেনিং দেবেন। অনুগ্রহ করে "জীবনঘাতী পরিস্থিতিতে অটো-ইনজেকটর দ্বারা এপাইনফ্রাইন ইনজেকশন দিতে লাইসেন্স-প্রাপ্ত নয় এমন স্কুল কর্মীদের প্রশিক্ষণদান কর্মসূচি।" নথিটি দেখুন। এই ফরমটি নিচের লিংকে পাওয়া যাবে: [http://schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms](http://schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms).

4. স্কুল কর্মীদের প্রশিক্ষণ দিতে যদি অন-সাইটে কোন নার্স অথবা চিকিৎসক পাওয়া না যায়, স্কুল হেলথ্ কর্মসূচির মাধ্যমে স্কুল কর্মীদের ট্রেনিংয়ের ব্যবস্থা করতে প্রিন্সিপ্যালগণের তাদের বরো নার্সিং ডিরেক্টর, চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্ক (সিএফএন)হেলথ্ লিঁয়াজো, অথবা অফিস অব স্কুল হেলথের সাথে 347-396-4714 নম্বরে যোগাযোগ করা উচিত।

## V. জরুরি পরিস্থিতিতে সাড়া দান

A. এপি-পেন ইনজেকশন দেয়ার মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন অর্ডার আছে এমন কোন শিক্ষার্থীর জরুরি পরিস্থিতিতে স্কুল নার্স অথবা প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী সদস্যকে অবশ্যই দ্রুত সাড়া দিতে হবে। অ্যানাফাইলেক্সিস-জনিত কোন পরিস্থিতির উদ্ভব হলে, এই প্রবিধান এবং স্কুল কর্মীগণকে প্রদত্ত ট্রেনিং অনুযায়ী অবশ্যই এপি-পেন ইনজেকশন দিতে হবে।

B. এপি-পেন দেয়ার পর, 911-এ ফোন করে অবশ্যই অতি সত্বর ইমারজেন্সি মেডিকেল সার্ভিসকে জানাতে হবে। তাদেরকে যে তথ্য দিতে হবে তার মধ্যে অবশ্যই থাকবে, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, ইনজেকশনের দেয়ার ঘটনা/সময়/ডোজ/কীভাবে সেখানে পৌঁছুতে হবে। জরুরি পরিস্থিতিতে যদি দুইজন ব্যক্তি সাড়া দিয়ে থাকেন, একজন প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি এপি-পেন দেবেন এবং অন্য জন একই সময়ে ইএমএস-এর সাথে যোগাযোগ করবেন। যদি কর্মী সদস্য একা থাকেন, প্রথমে তিনি এপি-পেন দিতে হবে, এবং তারপর সেই কর্মী সদস্য দ্রুত ইএমএস/911 –এ যোগাযোগ করবেন।

C. যেশিক্ষার্থীকে এপি-পেন দেয়া হয়েছে যথাশীঘ্র তার পিতামাতা/অভিভাবককে অবহিত করতে হবে।

## VI. ব্যবহৃত এপি-পেন কীভাবে ফেলতে হবে

ব্যবহার করার পর এপি-পেনের ইউনিটটি যে পাত্র থেকে বের করা হয়েছিল সেটিতে ভরে ধারালো জিনিসপত্র যেখানে ফেলা হয়ে তেমন নির্দিষ্ট স্থানে ফেলে দিন। যদি ধারালো জিনিস ফেলার কোন নির্দিষ্টি স্থান না থাকে, তাহলে ব্যবহৃত এপি-পেনটি একটি অভেদ্য পাত্রে ভরে সেটি ইমারজেন্সি মেডিকেল সার্ভিসের (ইএমএস)কর্মীরা এলে তাদের হাতে তুলে দেবেন।।

## VII. এপি-পেন সরবরাহ

A. এপি-পেন দেয়ার জন্য যদি কোন শিক্ষার্থীর মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরম থাকে তাহলে সেই শিক্ষার্থীর পিতামাতাকে অবশ্যই স্কুলে এপি-পেন সামগ্রী সরবরাহ করতে হবে। আমাদের পরামর্শ দুটি এপি-পেন সরবরাহের জন্য, প্রথমটি কাজ না করলে অথবা যদি বাড়তি ডোজের প্রয়োজন পড়ে সেক্ষেত্রে দ্বিতীয়টি ব্যবহার করা যেতে পারে। এপি-পেনগুলো অবশ্যই সেগুলোর অরিজিনাল প্যাকেজে সরবরাহ করতে হবে যেমনভাবে ফার্মাসিস্টের কাছ থেকে পাওয়া যায়। এটিও সুপারিশ করা হচ্ছে, শিক্ষার্থী নিজে নিজে এপি-পেন নিতে পারলেও স্কুলে যেন এপি-পেন সরবরাহ করা হয়।

B. সকল স্কুলের প্রতিদিনের নার্সের কাছে প্রতিটি সাইজের এপি-পেন থাকবে (যা স্কুলের শিক্ষার্থী সংখ্যার জন্য উপযুক্ত যেমন ১টি এপি-পেন এবং/অথবা ১টি এপি-পেন 'জুনিয়র '') যা রোগী নয় এমন শিক্ষার্থীদের বিশেষ ইমারজেন্সির ক্ষেত্রে এবং/অথবা ব্যাক-আপ হিশেবে ব্যবহার করা যাবে। এমন সকল স্কুলে অফিস অব স্কুল হেলথ্ কর্তৃক এপি-পেন সরবরাহ করা হবে।

## VIII. এপি-পেন কোথায় পাওয়া যাবে

A. জরুরি ওষুধপত্র সুরক্ষিত, উপযুক্ত এবং নিরাপদ কিন্তু সহজে পওয়া যায় এমন জায়গায় রাখা থাকবে যাতে জীবনঘাতী পরিস্থিতিতে অনুমোদিত ব্যক্তিরা দ্রুত তা ব্যবহারের সুযোগ পান। ওষুধ রাখার প্রকৃত জায়গাটি খুব যত্নের সাথে বিবেচনা করতে হবে এবং শিক্ষার্থীর নিজস্ব লিখিত ব্যবস্থাপনা পরিকল্পনায় তা লিপিবদ্ধ থাকবে। যেসকল ব্যক্তি শিক্ষার্থীর দেখভালের সাথে সংশ্লিষ্ট তাদেরকে ওষুধ কোথায় রাখা আছে তা জানাতে হবে। এপি-পেন কোথাও তালাবদ্ধভাবে রাখা হবে না। বাইরের স্কুল কর্মকাণ্ড, যেমন জিম ক্লাস অথবা কোন ক্লাস ট্রিপের সময়, এপি-পেন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী সদস্যের নিয়ন্ত্রণে হাতে বহন করা যায় এমন একটি ইমারজেন্সি ব্যাগে থাকবে। অ্যালার্জেনের সংস্পর্শে আসার আশংকা আছে এমন জায়গায় এপি-পেন শিক্ষার্থীর কাছাকাছি রাখতে হবে (যেমন, ক্লাসরুম, লাঞ্চরুম, খেলারমাঠ ইত্যাদি)।

B. যেসব ক্ষেত্রে শিক্ষার্থী এপি-পেন বহন করতে এবং/অথবা নিজে নিজে দিতে পারে, সেসব ক্ষেত্রে শিক্ষার্থীর নিজের কাছেই সবসময় এই উপকরণটি (দুটো হলে ভালো হয়) রাখা উচিত। শিক্ষার্থীকে সকল অফ-সাইট কর্মকাণ্ডের সময় এপি-পেন সঙ্গে রাখতে হবে (যেমন ক্লাস ট্রিপ, ওয়ার্ক-স্টাডি) ।

## IX. এপি-পেন সংরক্ষণ এবং পুনঃস্থাপন

A. এপাইনফ্রাইন বিনষ্ট হয় না এবং রুমে তাপমাত্রায় তা উল্লিখিত এক্সিপিরেশন ডেট পর্যন্ত সংরক্ষণ করা যায়। এপি-পেন সরাসরি রৌদ্রের আলো, অত্যাধিক গরম, অথবা রেফ্রিজারেটরে রাখা যাবে না। এক্সিপিরেশন তারিখের আগেই পুরনো এপি-পেন অথবা আগেরটি ব্যবহৃত হয়ে থাকলে বা ভুলক্রমে নষ্ট হলে নতুন একটি ইউনিট দিয়ে সেটি পরিবর্তন করতে হবে। এপি-পেন-এ যে পদার্থটি থাকে তা স্বচ্ছ এবং রঙহীন হবে। যদি তা ডিসকালার অথবা ব্রাউন হয়ে যায়, তাহলে সেই এপি-পেন ব্যবহার করা যাবে না এবং তা ফেল দিয়ে নতুন এপি-পেন ব্যবহার করতে হবে।

B. এপি-পেন দেয়ার মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরম আছে এমন শিক্ষার্থীর পিতামাতা বাতিল অথবা ডিসকালার হয়ে যাওয়া এপি-পেন পরিবর্তনের জন্য দায়ী থাকবেন। স্কুল কর্মীগণ এক্সিপিরেশনের তারিখ সম্পর্কে সচেতন থাকবেন এবং প্রয়োজন অনুযায়ী এপি-পেন পরিবর্তনের জন্য যোগাযোগ রাখবেন।

## X. রেকর্ড সংরক্ষণ

A. যেসকল ব্যক্তি এপি-পেন নেয় তাদের সকলের রেকর্ড অবশ্যই থাকতে হবে। এই রেকর্ডে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে ইনজেকশন গ্রহণকারীর নাম, তারিখ, সময়, ডোজ এবং কোথায় দেয়া হয়েছে সেসম্পর্কিত তথ্য, ঘটনার স্থান, যেসব লক্ষণ দেখা গেছে তার উল্লেখ, যে নার্স বা ব্যক্তি এপাইনফ্রাইন ডোজ দিয়েছে তার নাম, এপাইনফ্রাইন যে কোম্পানি তৈরি করেছে সেই কোম্পানির নাম ও লট নম্বর এবং ইএমএস-এর সাথে যে যোগাযোগ করা হয়েছে সেসম্পর্কিত নোট । যেসব স্কুলে নার্স আছে, সেইসব স্কুলে এই তথ্য স্কুল নার্স কর্তৃক শিক্ষার্থীর স্বাস্থ্য রেকর্ডে সংরক্ষিত হবে। নার্স অনুপস্থিত থাকার কারণে যদি স্কুল কর্মী কর্তৃক এপি-পেন দেয়া হয়ে থাকে, সেই তথ্য অবশ্যই স্কুল কর্মী কর্তৃক সংরক্ষিত হবে এবং নার্স ফিরে আসার পর তাকে দিতে হবে। যেসব স্কুলে নার্স নেই, সেখানে প্রিন্সিপ্যাল এই তথ্য সংরক্ষণ করবেন।

B. এপি-পেন দেয়ার ঘটনার রিপোর্ট অন-লাইনেও অবশ্যই তৈরি করতে হবে।

## XI. পরবর্তী পদক্ষেপ

A. সম্ভব হলে, নার্স এপাইনফ্রাইন দেয়া সম্পর্কিত রিপোর্ট রোগীর প্রাথমিক চিকিৎসা প্রদানকারী কাছেও জানাবেন।

B. স্কুল নার্স অথবা প্রিন্সিপ্যাল যিনি যথাযথ শিক্ষার্থীর অবস্থা জানতে এবং পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এপি-পেন দেয়ার পরের দিন শিক্ষার্থীর পিতামাতার সাথে যোগাযোগ করবেন।

C. সুপারভাইজকারী মেডিকেল এবং স্কুল কর্মী সাড়াদানের ঘটনাসমূহ সংশ্লিষ্ট সকল কর্মী সদস্য যারা এইসব পরিস্থিতি থেকে শিক্ষা গ্রহণ করতে পারেন তাদের সাথে পর্যালোচনা করবেন – উভয় শিক্ষার্থীর চলমান প্রযত্নদানের পাশাপাশি স্কুল-ওয়াইড অন্য সম্ভাব্য ঘটনাবলি। পরিস্থিতি কতটা গুরুতর তা এবং ঘটনার সময় কী ধরনের বিঘ্ন ঘটেছিল সেসবের উপর নির্ভর করে, যথাযথ বোঝাপড়া, সংকটকালীন সাড়া এবং মানসিক স্বাস্থ্য টিমের প্রয়োজন পড়তে পারে।

D. এপি-পেন ব্যবহার হওয়ার সাথে সাথে নতুন ইউনিট দিয়ে পিতামাতা অথবা স্কুল হেলথ্ কর্মসূচি (যেটি প্রযোজ্য)কর্তৃক যথাশীঘ্র তা পূরণ করতে হবে ।

## XII. অনুসন্ধান

এই প্রবিধান সম্পর্কিত যেকোন প্রশ্ন নিচের ফোন নম্বর অথবা অফিসে করা যেতে পারে:

| ফোন: | *অফিস অব স্কুল হেলথ্ –ডিওই/ডিওএইচএমএইচ*<br>ডিরেক্টর, নার্সিং সার্ভিস<br>42-09 28th Street<br>Queens, NY 11101 | ফ্যাক্স: |
|---|---|---|
| 347-396-4714 | | 347-396-4767 |



NYC Department of Education